



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজীরোড, রূপনগর বা/এ,
মিরপুর-২, ঢাকা-১২১৬



স্মারকঃ পিডিবিএফ/ ইনো. টিম/ ২০১৮/ ৬৫৪৭

তারিখঃ ১৩/১১/২০১৮

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

৩১/১০/২০১৮ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ইনোভেশন অফিসার জনাব মোঃ সহিদ হোসেন সেলিম। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচিত বিষয়-১: পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্বের সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা নিশ্চিতকরণ করা হয়।

আলোচিত বিষয়-২: মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

উক্ত সভায় প্রাতিষ্ঠানিক পরিচালনা ব্যয় হ্রাস, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং হ্রাসকৃত সার্ভিস চার্জ প্রদানের মাধ্যমে পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে তথ্যপ্রযুক্তির প্রয়োগের বিষয়ে আলোকপাত করা হয়। নতুন সফটওয়্যার তৈরির মাধ্যমে কিভাবে পিডিবিএফ এর সেবা প্রদান মাধ্যমকে সহজতর করা যায় সেই বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়াও ডিজিটাল নথি ব্যবস্থাপনা বিষয়ের উপর সবাই একমত পোষণ করেন যে ডিজিটাল নথির যথাযথ প্রয়োগ সম্ভব হলে পিডিবিএফ এ উন্নততর সেবা পাওয়া সম্ভব হবে যা বাংলাদেশের উন্নততর লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

এছাড়াও পিডিবিএফ এর ইউটিউব চ্যানেলে পিডিবিএফ এর শিক্ষণীয় ট্রেনিং প্রোগ্রাম সমূহের ভিডিও আপলোড করার ব্যপারে আলোচনা করা হয় যা পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নে এবং উন্নত সেবা পেতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ডিজিটাল নথি ব্যবহার নিশ্চিতকরণ।

২. মন্ত্রণালয় এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী পিডিবিএফ এর আইটি কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।

৩. পিডিবিএফ এর ইউটিউব চ্যানেলে শিক্ষণীয় ভিডিও আপলোড সহ এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

৪. পিডিবিএফ এর ওয়েবসাইটের নিয়মিত হালনাগাদকরণ।

০৩। বিবিধঃ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদ হোসেন সেলিম)

পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

এবং

ইনোভেশন অফিসার